



ISO 9001:2015 Certified

ফোনঃ ০২৪৭৮৮৮০৫২০

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতি
কালিকাপুর, পটুয়াখালী।

E-Mail: patuakhali.pbs@gmail.com WEB: pbs.patuakhali.gov.bd

স্মারক নং-২৭.১২.৭৮৯৫.৫৪০.০৭.০২১.২৪. ৫০৭৭

তারিখ : ১৩ চৈত্র/১৪৩০ বঙ্গাব্দ।

২৭ মার্চ / ২০২৪ খ্রিঃ।

“পুনঃদরপত্র বিজ্ঞপ্তি”

পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকায় রক্ষণাবেক্ষণের আওতায় পোল, ফিটিংস ও তার পরিবর্তন, বৈদ্যুতিক লাইনের রক্ষণাবেক্ষণের জন্য অত্র সমিতির স্থায়ী তালিকাভুক্ত/সাময়িক তালিকাভুক্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত পুনঃদরপত্র আহ্বান করা যাচ্ছে।

(০১) পুনঃ দরপত্রের বিবরণ :

ক্র : নং	বিড প্যাকেজ নং	সমিতির নাম	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেস্টম্যানি র পরিমাণ	কার্য সময়	বিড প্যাকেজের মূল্য
০১	৩৮২	পটুয়াখালী পবিস	পটুয়াখালী পবিসের ভৌগলিক এলাকায় রক্ষণাবেক্ষণের আওতায় পোল, ফিটিংস ও তার পরিবর্তনসহ বিভিন্ন সময়ে ক্ষতিগ্রস্থ বৈদ্যুতিক লাইন মেরামত কাজ।	১০,০০,০০০.০০	৩%	৬০দিন	১০০০.০০

(০২) দরপত্র দলিল অত্র সমিতির ক্যাশ শাখা হতে ০১/০৪/২০২৪ ইং তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ১০০০.০০ (এক হাজার) টাকা সমিতির ক্যাশ শাখায় নগদ জমা প্রদান সাপেক্ষে ক্রয় করা যাবে।

(০৩) প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্নদরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে।

(০৪) প্রতিটি দরপত্র দাখিলের সময়ে বর্ণিত আর্নেস্টম্যানি পটুয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজারের অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্টম্যানি ছাড়া দরপত্র বৈধ বলে গ্রহণযোগ্য হবে না।

(০৫) দরপত্র সমূহ আগামী ০২/০৪/২০২৪ ইং তারিখ দুপুর ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিসে রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র ওপেনিং কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।

(০৬) উদ্ধৃত দর সরকারী বিধান মোতাবেক প্রদেয় মূল্য সংযোজন কর সহ উদ্ধৃত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না।

(০৭) দরপত্রে দর উল্লেখের ক্ষেত্রে দর প্রদানের জন্য কোন প্রকার ঘসামাজা বা ফুয়েড দিয়ে লেখা বাতিল বলে গণ্য হবে।

(০৮) প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশ গ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই পর্যাপ্ত সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যান সহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।

(০৯) সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিস-এর দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও ৩য় সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করবেন।

(১০) যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে।

(১১) সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস ও বাপবিবোর্ড কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

(১২) ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।

(১৩) ২০২৩-২০২৪ ইং অর্থ বছরে স্থায়ী/সাময়িক তালিকাভুক্ত পূর্বযোগ্যতা নবায়ন না হলে সর্বনিম্ন দরদাতা হিসাবে বিবেচিত হলেও কার্যাদেশ প্রদান করা হবে না।

(১৪) প্রতিটি দরপত্রের সাথে হালনাগাতকৃত ট্রেড লাইসেন্স, বৈদ্যুতিক ঠিকাদারি লাইসেন্স, সুপারভাইজার লাইসেন্স, ব্যাংক সলভেন্সি সার্টিফিকেট, আয়কর ও ভ্যাট সার্টিফিকেট কপি জমাদান করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

- (১৫) প্রতিটি কাজের স্টেপিং শীট যথাসময়ে ইস্যু করা হবে এবং প্রাক্কলিত দরের মধ্যেই সকল কাজ সম্পাদন করতে হবে।
- (১৬) কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহন অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- (১৭) দরপত্রে উল্লেখ নেই এমন কোন পরিস্থিতি/অবস্থা সৃষ্টি হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া বিবেচিত হইবে।
- (১৮) লাইন নির্মানের মালামাল সমিতির ওএন্ডএম স্টোর হতে ইস্যু করা হবে।
- (১৯) পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুচ্ছেদ আই-৫ অনুযায়ী অত্র সমিতিতে যে সকল মিনি ঠিকাদারী প্রতিষ্ঠানের কার্যাদেশ চলমান আছে সে সকল প্রতিষ্ঠান কে কার্যাদেশ প্রদান করা হবে না।


(তুষার কান্তি মন্ডল)

জেনারেল ম্যানেজার(চঃ দাঃ)

অনুলিপি : জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়।

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, বরিশাল জোন, বাপবিবো, বরিশাল।
- ০২। নিবাহী প্রকৌশলী, বাপবিবো,(এসওডি) পটুয়াখালী।
- ০৩। ডিজিএম, বাউফল/বরগুনা/কলাপাড়া/গলাচিপা/আমতলী, জোনাল অফিস, পপবিস।
- ০৪। এজিএম(ওএন্ডএম/ইএন্ডসি/প্রশাসন/অর্থ/সদস্য সেবা/এইচ.আর), পপবিস।
- ০৫। নোটিশ বোর্ড, সদরদপ্তর/জোনাল অফিস, পপবিস/ ওয়েব সাইট।
- ০৬। অফিস কপি/মাস্টার কপি।

সদয় অবগতির জন্য।


(মোঃ মোতাহার হোসেন)

এজিএম (ইএন্ডসি) অঃ দাঃ